174

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 NOV 1998 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ৬ ...

# স্কুল পর্যায়ে আইন শিক্ষার ব্যবস্থা প্রয়োজন

আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় অতি প্রয়োজনীয় দুইটি বিষয় বরাবর অনুপস্থিত রহিয়াছে। একটি হইল 'আইন' ও অপরটি 'যৌন বিজ্ঞান'। এই দুই বিষয়ের জ্ঞান মানুষের মস্তকে থাকিলে অনেকগুলি সামাজিক অপরাধ কমিয়া যাইবে। আইন সম্পর্কিত একটি বাক্য প্রায়ই উচ্চারিত হইতে শুনি, "আইন না জানা কোন অজুহাত নয়"। কিন্তু দেশের নাগরিকদের আইন জানানোর দায়িত্ব কি কাহারো নাই? শিক্ষার্থিগণ সুলতান মাহমুদের সতেরবার ভারত আক্রমণের ইতিহাস মুখস্ত করিয়া যতটা উপকৃত হইতেছে, তাহার চাইতে অধিক উপকৃত হইত যদি জানিতে পারিত অমুক কাজ করিলে 'দেওয়ানী' অথবা 'ফৌজদারী' অপরাধ হইয়া যায় এবং তাহার জন্য শাস্তি প্রাপ্য হয়। অধিক উপকৃত হইত, যদি জানিতে পারিত তাহার কতগুলি মৌলিক অধিকার সংবিধানে সংরক্ষিত আছে। একই ভাবে যদি যৌন বিজ্ঞান বা মানব প্রজনন বিদ্যা শিক্ষা দেওয়া হইত তবে এক দিকে যেমন যৌন অপরাধ কমিয়া যাইত, অন্যদিকে অজ্ঞতাজনিত কারণে প্রসূতি ও নবজাতকের মৃত্যু, বাল্য বিবাহ ইত্যাদি সমস্যাও অনেক কমিয়া যাইত। বিষয় দুইটি যে অতীব গুরুত্বপূর্ণ তাহা সচেতন নাগরিক মাত্রেই স্বীকার করিতেছেন। কিন্তু ব্যাপক জনমত সংগঠিত না হইলে বিষয় দুইটি সাধারণ শিক্ষা ব্যবস্থায়–তথা স্কুল পর্যায়ে অন্তর্ভুক্তকরণ সুদূর পরাহত হইবে। তাই এ বিষয়ে যথাযথ বক্তব্য তুলিয়া ধরার মাধ্যমে জনমত সংগঠিত করার জন্য সচেতন মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

কাজী হেলাল উদ্দিন,
সুমাত্রা
ওয়াই/৪, নূরজাহান রোড,
মোহাম্মাদপুর, ঢাকা ১২০৭